

একই স্মারক ও তারিখ প্রতিস্থাপিত

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

স্মারক নং- ০০.০১.০০০০.৫০১.০২.০৩৮.১৭

তারিখ:

বিষয়: মামলায় এফ আর টি গৃহীত হওয়া এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ক) তেজগাঁও (ডিএমপি) থানা মামলা নং-৩২, তারিখ: ২২-১১-২০১৭ খ্রিঃ।
খ) মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি নীতি অধিশাখার স্মারক নং-০৪.০০.০০০০.৫২১.২৭.০৮৬.১৭-৪৪
তারিখ:-১১-৩-১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসামী মোঃ শাহাবুদ্দিন, প্রাক্তন এলডিএ-কাম-ক্যাশিয়ার, মডুস জোন-৯, ঢাকা ওয়াসা; বর্তমানে এলডিএ-কাম-ক্যাশিয়ার (সাময়িক বরখাস্ত), প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা; ঢাকাসহ অন্যান্যদের বিরুদ্ধে ০৮টি ভুয়া বিলের মাধ্যমে ৩,৬২,৬৪৭/- টাকা আত্মসাতের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক তেজগাঁও (ডিএমপি) থানা মামলা নং-৩২(১১)১৭ দায়ের করা হয়। পরবর্তীতে আত্মসাতকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করায় মোঃ শাহাবুদ্দিন এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করে মামলাটিতে এফ আর টি দাখিল করা হয়। দাখিলকৃত এফ আর টি নং-০২, তারিখ- ০৭/০১/২০১৯ গত ২৩/৪/২০১৯ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয় এবং আসামীদেরকে মামলা হতে অব্যাহতি প্রদান করা হয়।

০২. সূত্র 'খ' স্মারক মূলে আসামী জনাব মোঃ শাহাবুদ্দিন, এলডিএ কাম ক্যাশিয়ার, ঢাকা ওয়াসার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খসড়া অভিযোগনামা ও অভিযোগ বিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ হতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। সংশ্লিষ্ট কার্যালয় হতে বিভাগীয় মামলার বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে দুর্নীতি দমন কমিশনকে অবহিত করা হয়নি।

০৩. ইহা সদয় অবগতি ও বিভাগীয় মামলার বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে কমিশনকে অবহিতকরণের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ প্রদানের জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/

২২/৮/১৯

মুহাম্মদ দিলোয়ার বখ্ত
সচিব

ফোন: ৯৩৬০১১০

ই-মেইল: secretary@acc.org.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ০০.০১.০০০০.৫০১.০২.০৩৮.১৭ ২,১৭ ৫০ | ৭ (৬)

তারিখ: ২৫/৭/১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।

২৫-৮-২০১৯

ব্যক্তিিক সাহা

উপপরিচালক (বি: অনু: ও তদন্ত-১)

ফোন নং-৯৩৫১৯৫৫

e-mail: dd.sp.investigation1@acc.org.bd